শহীদ হাদিস পার্কের জনসভায় বক্তারা

চিংড়ি ঘেরের নামে জুলুম নির্যাতন বন্ধ করতে হবে

।। জন্মভূমি রিপোর্ট ।।

পাইকগাছার অন্যায় প্রতিরোধ কমিটি আয়োজিত জনসভায় বক্তারা বলেছেন, পাইকগাছার ঘের মালিকদের নির্যাতন বন্ধ করতে হবে। অবৈধ ঘের বন্ধ করতে হবে। করুনাকে নিহত ঘোষণা দিয়ে তার হত্যাকারী ঘের মালিকের দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে হবে। অন্যথায় জনগণ দুর্বার আন্দোলন গড়ে তুলবে।

গতকাল নগরীর শহীদ হাদিস পার্কে বেলা ১১টা থেকে বিকেল পৌনে পাঁচটা পর্যন্ত অনুষ্ঠিত জনসভায় [illegible]রা একথা বলেন। পাইকগাছা ও ডুমুরিয়া থেকে শত [illegible] মহিলাসহ কয়েক হাজার [illegible] এ জনসভায় যোগদান [illegible]ন। ৮, ৭, ৫ দল, কৃষ[illegible] ক্ষেতমজুর সংগঠন সমূহ, বুদ্ধিজীবী, শ্রমিক পরিষদ, সর্বস্তরের [illegible]

(শেষ পাতায় ১ কঃ)

খুলনা ও ভোলা জেলার পুলিশ সুপার বদলী

।। জন্মভূমি রিপোর্ট ।।

খুলনা ও ভোলা জেলার পুলিশ সুপারকে বদলি করা হয়েছে। আগামী ২৭ ডিসেম্বরের মধ্যে তাদের বদলীকৃত কর্মস্থলে যোগদানের নির্দেশ দেয়া হয়েছে।

সংশ্লিষ্ট একটি নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে রাষ্ট্রপতির আদেশক্রমে গত ২৩/১২/৯০ ইং তারিখে স্বাক্ষরিত এক

(শেষ পাতায় ৫ কঃ)

চিংড়ি

(১ম পাতার পর)

ছাত্র ঐক্য এবং সম্মিলিত সাংস্কৃতিক জোট নেতৃবৃন্দ এ জনসভায় বক্তৃতা করেন।

জনসভায় বক্তারা করুনা হত্যাকান্ডে জড়িত থাকার অভিযোগে গ্রেপ্তারকৃত ঘের মালিককে জামিনে মুক্তি দেয়ায় তীব্র ক্ষোভ প্রকাশ করে দাবী জানান, প্রশাসনের যে সব কর্মকর্তা খুনীদের সহায়তা করছে তাদের অপসারণ করতে হবে।

বক্তারা বলেন, খুলনা জেলে চিংড়ি ঘেরের নামে সাধারণ [illegible] নির্যাতন চলছে।

[illegible] সভাপতিত্বে অনুষ্ঠিত এ জনসভায় বক্তৃতা করেন লেখক নিয়ামতউল্লাহ শফিকুর রহমান, এ্যাডভোকেট ফিরোজ আহমদ, মুন্সী কবীর, অধ্যাপক সরদার আব্দুর রাজ্জাক, নজরুল ইসলাম মঞ্জু, মাহফুজুর রহমান, মোহাম্মদ ইলিয়াস, কামরুল হাসান, ডাঃ জাহাঙ্গীর বাদশা, মমিন উদ্দিন সরদার, আমিরুল ইসলাম, আ, ক, ম, নুরুল আলম, মোঃ আশরাফুজ্জামান মিজানুর রহমান, মল্লিক সুলতান আহমেদ, সাইদুর রহমান শ্যামল সিংহ রায়, রুহুল আমিন রুমী, আব্দুস সবুর, এ্যাডভোকেট স, ম, ইউসুফ, অমিয় দাস রায়, মাধব চন্দ্র রায়, আতিকার রহমান ও সাহিদা ইয়াসমীন রানা।

জনসভায় রাষ্ট্রপতির কাছে প্রেরণের জন্য স্মারকলিপি পাঠ করেন এ্যাডভোকেট সোহরাব আলী সানা। এটি জনসভায় অনুমোদিত হয়।

জনসভা শেষে নগরীতে একটি মিছিল বের করা হয়।

জনসভার শুরুতে সম্মিলিত সাংস্কৃতিক জোট সংগীত পরিবেশন করে। শেখ কবির [illegible]

খুলনা

(১ম পাতার পর)

প্রজ্ঞাপন পত্রে ভোলা জেলার পুলিশ সুপার জনাব মোঃ আনোয়ার হোসেন (১)কে বিশেষ পুলিশ সুপার (এস বি,) ঢাকা এবং খুলনা জেলার পুলিশ সুপার জনাব মোঃ অহিদুল ইসলাম তালুকদারকে অধিনায়ক এ, পি বিএন, খাগড়াছড়িতে বদলী করা হয়েছে।